

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৩৪

(كتاب الحج) على الكتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৬৫. হজ্জে গমনকারীর জন্য কুরবানীর উদ্দেশে নিয়ে যাওয়া বুদনার উপর প্রয়োজনে আরোহণ করা জায়িয়।

جواز ركوب البدنة المهداة لمن احتاج إليها

আরবী

حديث أنس رضي الله عنه، أنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، رَأَى رَجُلاً يَسُوقُ بَدَنَةً، فَقَالَ: ارْكَبْهَا قَالَ: ارْكَبْهَا ثَلاَتًا

বাংলা

৮৩৪. আনাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে কুরবানীর উট হাঁকিয়ে নিতে দেখে বললেন, এর উপর সওয়ার হয়ে যাও। সে বলল, এ তো কুরবানীর উট। তিনি বললেন, এর উপর সওয়ার হয়ে যাও। লোকটি বলল, এ তো কুরবানীর উট। তিনি বললেন, এর উপর সওয়ার হয়ে যাও। এ কথাটি তিনি তিনবার বললেন।

ফুটনোট

সহীহ বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ১০৩, হাঃ ১৬৯০; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ্ব, অধ্যায় ৬৫, হাঃ ১২২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন